

💵 হারাম ও কবিরা গুনাহ

বিভাগ/অধ্যায়ঃ হারাম ও কবীরা গুনাহ্ পরিচিতি রচয়িতা/সঙ্কলকঃ মোস্তাফিজুর রহমান বিন আব্দুল আজিজ আল-মাদানী

৮৮. কারোর নিজের জন্য রাজাধিরাজ উপাধি ধারণ করা

কারোর নিজের জন্য রাজাধিরাজ উপাধি ধারণ করাও হারাম এবং কবীরা গুনাহ্।

আবূ হুরাইরাহ্ (রাঃ) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেন:

أَغْيَظُ رَجُلِ عَلَى اللهِ يَوْمَ الْقِيَامَةِ وَأَخْبَثُهُ وَأَغْيَظُهُ عَلَيْهِ رَجُلٌ كَانَ يُسَمَّى مَلِكَ الْأَمْلَاكِ، لَا مَلِكَ إِلاَّ اللهُ.

"কিয়ামতের দিন আল্লাহ্ তা'আলা সর্ব বেশি রাগাম্বিত হবেন সে ব্যক্তির উপর এবং সে তাঁর নিকট সর্বনিকৃষ্টও বটে যাকে একদা রাজাধিরাজ বলে ডাকা হতো। অথচ সত্যিকার রাজা একমাত্র আল্লাহ্ তা'আলাই"। (মুসলিম ২১৪৩; বাগাওয়ী ৩৩৭০)

রাসূল সাল্লাল্লাহ্ন আলাইহি ওয়াসাল্লাম আরো বলেন:

اشْتَدَّ غَضَبُ اللهِ عَلَى مَنْ زَعَمَ أَنَّهُ مَلِكُ الْأَمْلَاك، لَا مَلِكَ إِلاَّ اللهُ.

"এমন ব্যক্তির উপর আল্লাহ্ তা'আলা অনেক বেশি রাগান্বিত হবেন যে নিজকে রাজাধিরাজ মনে করে। অথচ সত্যিকার রাজা একমাত্র আল্লাহ্ তা'আলাই"। (আহমাদ ২/৪৯২; 'হা'কিম ৪/২৭৫; স'হীহুল্ জা'মি' ৯৮৮)

Source — https://www.hadithbd.com/books/link/?id=6764

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন